# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 22.05.2024** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফার ভোটের জন্য প্রচার পর্ব শেষ হচ্ছে আগামীকাল।

শেষ লগ্নের প্রচার চলেছে জোরকদমে।

২) প্রচারে যোগ দিতে আজ রাজ্যে আসছেন প্রবীণ বিজেপি নেতা অমিত শাহ এবং দলের সভাপতি জগত্ প্রকাশ নাড্ডা।

তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও দুটি জনসভায় যোগ দেবেন।

৩) ষষ্ঠ দফার ভোটের দিন বিভিন্ন জেলায় প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস থাকায় মুখ্য নির্বাচনী আধিকারিক আজ বিপর্যয় মোকাবিলা দপ্তরের সচিব ও অন্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন।

৪) ঘূর্ণাবর্ত এবং নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরে আজ একটি নিম্নচাপ তৈরি হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। এর জেরে রাজ্যের জেলাগুলিতে ঝড়-বৃষ্টির পূর্বাভাস।

৫) তাপপ্রবাহ কমে যাওয়ায় রাজ্যের সরকারি স্কুলগুলি খুলছে তেসরা জুন।

৬) কলকাতা নাইট রাইডার্স আইপিএল ক্রিকেটের ফাইনালে উঠেছে।

---

লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফার ভোটের জন্য প্রচার পর্ব শেষ হচ্ছে আগামীকাল। এই পর্যায়ে মোট ৫৭ টি আসনে ভোট নেওয়া হবে শনিবার ২৫ শে মে। এর মধ্যে রয়েছে এরাজ্যের ৮ টি আসন – পুরুলিয়া, বাঁকুড়া, বিষ্ণুপুর, ঝাড়গ্রাম, মেদিনীপুর, ঘাটাল, তমলুক ও কাঁথি।

কাঁথি লোকসভা কেন্দ্রের ভোট নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

------------------------

ষষ্ঠ দফার ভোটের শেষ লগ্নে প্রচার এখন তুঙ্গে। সব দলের প্রার্থীরাই মিটিং, মিছিল, জনভার মাধ্যমে ভোটারদের মন জয় করার জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছে।

সপ্তম দফার জন্যেও প্রচার চলেছে জোরকদমে। প্রবীণ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ নির্বাচনী প্রচারে আজ আবারও এরাজ্যে আসছেন। কাঁথি, ঘাটাল, পুরুলিয়া ও বাঁকুড়া লোকসভা কেন্দ্রে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করবেন তিনি। বেলা ১১ টা নাগাদ তাঁর প্রথমে কাঁথিতে পৌঁছনোর কথা বলে দলীয় সূত্রে জানা গেছে।

অন্যদিকে, বিজেরি সর্বভারতীয় সভাপতি জগত্ প্রকাশ নাড্ডাও আজ কলকাতা উত্তর ও দক্ষিণ এবং বারাসাত লোকসভা কেন্দ্রের প্রার্থীদের হয়ে জনসভা ও রোডশো করববেন।

তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ দমদমের প্রার্থীর সমর্থনে দুটি জনসভা করবেন। খড়দার সূর্য সেন নগর মাঠে বেলা তিনটেয় এবং আগরপাড়ার বিবেকানন্দ সমিতি ময়দানে বিকেল চারটে নাগাদ তাঁর এই প্রচার কর্মসূচী রয়েছে।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ও আজ মেদিনীপুরে দুটি জনসভায় যোগ দেবেন। তমলুক লোকসভা কেন্দ্রের প্রার্থীর সমর্থনে নন্দীগ্রাম এবং ঝাড়গ্রামের প্রার্থীর সমর্থনে শালবনী শান্তিনগর ফুটবল ময়দানে দুটি প্রচার সভায় তাঁর বক্তব্য রাখার কথা।

সিপিআইএম নেতা সীতারাম ইয়েচুরি, কলকাতা দক্ষিণের দলীয় প্রার্থীর সমর্থনে বেহালার সখেরবাজারে জনসভা করবেন।

কংগ্রেস নেতারাও নিজেদের প্রার্থীদের সমর্থনে বিভিন্ন এলাকায় প্রচার চালাবেন।

-----------------------

মুখ্যমন্ত্রী সম্পর্কে আপত্তিকর মন্তব্য করার জন্য নির্বাচন কমিশনের ভর্ৎসনা এবং কড়া শাস্তির মুখে তমলুকের বিজেপি প্রার্থী, প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। আজ বিকেল ৫টা পর্যন্ত ২৪ ঘন্টা তিনি প্রচার করতে পারবেন না। কমিশন বলেছে, মুখ্যমন্ত্রীকে নিম্নমানের ব্যক্তিগত আক্রমণ করে আদর্শ আচরণবিধি লঙ্ঘণ করেছেন শ্রী গঙ্গোপাধ্যায়। যেকোনো মহিলা সম্পর্কে এই ধরনের বক্তব্য অত্যন্ত নিন্দনীয় এবং অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের মতো শিক্ষাগত ও পেশাগত যোগ্যতার একজন ব্যক্তির কাছ থেকে এহেন জঘন্য মন্তব্য কোনোভাবেই মেনে যায় না।

উল্লেখ্য, গত ১৫ই মে তমলুকের একটি নির্বাচনী সভায় মুখ্যমন্ত্রীর উদ্দেশে ঐ কুরুচিকর মন্তব্য করেন বিজেপি প্রার্থী। তাতে তীব্র আপত্তি জানিয়ে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয় তৃনমূল কংগ্রেস।

-----------------------

পঞ্চম দফার ভোটের দিন হাওড়ার লিলুয়ায় একটি বুথে মহিলা পোলিং এজেন্টের শ্লীলতাহানির অভিযোগের ভিত্তিতে প্রিজাইডিং অফিসারকে সরিয়ে দেওয়ার পর

অভিযুক্তের পাশেই দাঁড়িয়েছে নির্বাচন কমিশন। বিষয়টি নিয়ে অনুসন্ধানের পর অভিযোগকারিনীর বিরুদ্ধে থানায় পাল্টা অভিযোগ দায়ের করা হয়েছে। সোমবারই গৌতম মান্না নামে ওই প্রিজাইডিং অফিসার জানিয়েছিলেন, পোলিং এজেন্ট পরিচয় দেওয়া দুই মহিলাকে তিনি নির্দিষ্ট ফর্মে সই করতে বললে তাঁর দু-গালে বেশ কয়েকটি চড় মারেন তাদেরই একজন। এরপর তাঁর বিরুদ্ধেই উল্টে শ্লীলতাহানির অভিযোগ করা হয়।

-----------------------

আগামী শনিবার ষষ্ঠ দফা নির্বাচনের সময় বিভিন্ন জেলায় প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস থাকায় রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব আজ বিপর্যয় মোকাবিলা দফতরের সচিব ও অন্যান্য আধিকারিকের সঙ্গে বৈঠক করবেন। বিভিন্ন জেলাশাসকরাও বৈঠকে ভার্চুয়ালি উপস্থিত থাকবেন বলে সিইও-র দপ্তর সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য আগামী শনিবার দুই মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়ার আটটি আসনে নির্বাচন। ভোটের সময় দুর্যোগ হলে বিভিন্ন ভোট গ্রহণ কেন্দ্র ক্ষতিগ্রস্ত হতে পারে বলে আশঙ্কা থাকায় তার আগাম প্রস্তুতি নিতেই এই বৈঠক।

-----------------------

আবহাওয়া দপ্তরের পূর্বাভাস অনুযায়ী ঘূর্ণিঝড় ও কালবৈশাখীর সতর্কতা হিসাবে বিদ্যুৎ দপ্তর সব রকম ব্যবস্থা গ্রহণ করেছে। এব্যাপারে গতকাল বিদ্যুৎ উন্নয়ন ভবনে বিদ্যুত দপ্তরের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক ও সিইএসসির আধিকারিকদের সঙ্গে বিদ্যুৎ মন্ত্রী অরূপ বিশ্বাস বৈঠক করেন। বৈঠকে বিদ্যুৎ সচিব শান্তনু বসুও উপস্থিত ছিলেন। বিদ্যুৎ মন্ত্রী সমস্ত আধিকারিকদের সদা সতর্ক থাকা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দিষ্ট নির্দেশ দেওয়ার পাশাপাশি ঝড়ের ফলে কোথাও কোন বিদ্যুৎ পরিষেবা সংক্রান্ত সমস্যা

দেখা দিলে তা দ্রুত স্বাভাবিক করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণেরও নির্দিষ্ট নির্দেশ দিয়েছেন বলে বিদ্যুৎ দপ্তর সূত্রের খবর।

------------------------

ঘূর্ণাবর্ত এবং নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরে আজ একটি নিম্নচাপ তৈরি হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। এটি আরও উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে শুক্রবার ২৪ শে মে সকাল নাগাদ বঙ্গোপসাগরের কেন্দ্রভাগে গভীর নিম্নচাপের রূপ নেবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। এর প্রভাবে রাজ্যের বিভিন্ন জেলায় বজ্র বিদ্যুৎ সহ ভারি বৃষ্টির সম্ভাবনা। সেই সঙ্গে ঝোড়ো হাওয়াও বয়ে যাবে। উপকূলবর্তী এলাকায় ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়ার দাপটে সমুদ্র উত্তাল থাকতে পারে। মৎস্যজীবীদের শুক্রবার ২৪ তারিখ থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সমুদ্রে পাড়ি দিতে নিষেধ করা হয়েছে।

------------------------

তাপপ্রবাহের কারণে রাজ্যের সরকারি স্কুলগুলিতে গরমের ছুটি এগিয়ে আনা হয়েছিল। দোসরা জুন শেষ হচ্ছে সেই ছুটি। তেসরা জুন সোমবার থেকে স্কুল খুলবে বলে রাজ্য শিক্ষা দপ্তর জানিয়েছে।

------------------------

কলকাতা ও হাওড়ার তরল বর্জ্যে সুন্দরবনের জীববৈচিত্র্য বিপর্যয়ের সম্মুখীন হচ্ছে বলে দাবি করেছেন বিজ্ঞানী ও পরিবেশকর্মীরা। তাঁদের মতে সুন্দরবনের পূর্বে বাসন্তী খাল হয়ে বিদ্যাধরী ও পশ্চিমে সরাসরি গঙ্গার মাধ্যমে সামগ্রিক সুন্দরবনের মাটি জল ও পরিবেশ ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই মর্মে মামলাও দায়ের হয়েছে জাতীয় পরিবেশ আদালতে।
একটি প্রতিবেদন

------------------------

কলকাতা নাইটরাইডার্স আইপিএল ক্রিকেটের ফাইনালে উঠেছে। আহমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে গত সন্ধ্যায় প্রথম কোয়ালিফায়ার ম্যাচে কলকাতা নাইটরাইডার্স ৮ উইকেটে সানরাইজার্স হায়দ্রাবাদকে হারিয়ে প্রথম দল হিসেবে ফাইনালে পৌছল।

রবিবার ফাইনালে কেকেআর দ্বিতীয় কোয়ালিফায়ার ম্যাচের বিজয়ী দলের বিরুদ্ধে খেলবে।

------------------------ ------------------------